



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১


স্মারক নং: ঢাবো/পনি/৭৪০

তারিখ: ২৫/০৪/২০২৬ খ্রি:

বিষয়: প্রকাশিত সংবাদের প্রতিবাদ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আপনার প্রচারিত সংবাদ মাধ্যম সময় টিভিতে এসএসসি পরীক্ষা ২০২৬-এর বাংলা ১ম পত্রের (১০১) সকল বোর্ডের প্রশ্ন ফাঁস হয়েছে মর্মে একটি প্রতিবেদন প্রচারিত হয় যা মিথ্যা, অসৎ উদ্দেশ্য প্রণোদিত এবং ভিত্তিহীন। ইতোমধ্যে ২১/০৪/২০২৬ তারিখে বাংলা ১ম পত্র (১০১) এবং ২৩/০৪/২০২৬ তারিখে বাংলা ২য় পত্রের (১০২) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আমরা অত্যন্ত বিস্ময়ের সাথে লক্ষ্য করেছি যে, উভয় পরীক্ষা শুরুর পূর্বে প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত কোনো তথ্য স্বীকৃত কোনো গণমাধ্যম বা অন্য কোনো মাধ্যমে বা কোনো ব্যক্তির মাধ্যমে পাওয়া যায়নি। পরীক্ষা শেষ হওয়ার ০১ দিন পরে প্রশ্ন ফাঁস সম্পর্কিত সংবাদ প্রচার করায় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে হতাশা ও উদ্বেগ সৃষ্টি এবং সরকারের ভাবমূর্তি বিনষ্ট হয়েছে।

এমতাবস্থায়, প্রকাশিত সংবাদের বিষয়ে আরো বস্তুনিষ্ঠ তদন্ত করে জনমনে বিভ্রান্তি দূরীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি, পাশাপাশি সংবাদটির বিষয়ে জনমনে বিভ্রান্তি দূর করতে আপনার গণমাধ্যমে যথাযথভাবে প্রচার ও প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।


২৫/০৪/২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

বার্তা সম্পাদক

সময় টিভি